

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

তারিখ: ২০/০৫/২০২৪ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

অধ্যক্ষের কার্যালয়, রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী পার্বত্য জেলা এর বেসরকারি খাতভুক্ত নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ করা হবে। আত্মহী প্রার্থীকে বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক অধ্যক্ষ, রাজশাহী সরকারি কলেজ, রাজশাহী বরাবরে আবেদন (জীবনবৃত্তান্ত ও সচল মোবাইল নম্বর উল্লেখ করে) ও প্রয়োজনীয় কাগজপত্রসহ (মূলকপি + ফটোকপি) আগামী ২৭/০৫/২০২৪ খ্রি. তারিখ সকাল ১১:০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কক্ষে সরাসরি উপস্থিত থাকতে হবে।

ক্রম নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন	শিক্ষাগত যোগ্যতা
১।	চিকিৎসক	০১	আলোচনা সাপেক্ষে	প্রার্থীকে বাংলাদেশের যেকোন স্বীকৃত মেডিক্যাল কলেজ হতে এমবিবিএস পাশ এবং নিবন্ধিত চিকিৎসক হতে হবে।

শর্তাবলী:

- আবেদনকারীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক অবশ্যই হতে হবে। তবে রাজশাহী পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ২৭/০৫/২০২৪ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ২৫-৬৩ বৎসর হতে হবে।
- নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে সপ্তাহে কমপক্ষে ০২ (দুই) দিন (সকাল ১০:০০ - বেলা ১:০০ টা পর্যন্ত) কর্মস্থলে উপস্থিত থেকে সংশ্লিষ্ট কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে।
- অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদনের সাথে যেসব কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে-
 - সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের ফটোকপি ১কপি (১ম শ্রেণি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);
 - স্থায়ী বাসিন্দার সনদপত্রের ফটোকপি ১কপি (১ম শ্রেণি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);
 - জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১কপি (১ম শ্রেণি গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);
 - সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ কপি।
- নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে কলেজের চিকিৎসা সেবা তহবিল থেকে বেতন পরিশোধ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষ সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ
রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

স্মারক নং- রাসক/ ২৩০২/৯

তারিখ: ২০/০৫/২০২৪ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ২। জেলা প্রশাসক, রাজশাহী পার্বত্য জেলা;
- ৩। সিভিল সার্জন, রাজশাহী পার্বত্য জেলা;
- ৪। উপাধ্যক্ষ ও আহ্বায়ক, কর্মচারী নিয়োগ কমিটি, অত্র কলেজ, রাজশাহী;
- ৫। মেয়র, রাজশাহী পৌরসভা, রাজশাহী;
- ৬। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাজশাহী;
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, রাজশাহী;
- ৮। কলেজের ওয়েবসাইট/নোটিশ বোর্ড, অত্র কলেজ, রাজশাহী;
- ৯। সংরক্ষণ নথি।


অধ্যক্ষ

রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা